

## সমস্যার আবেতে কসবা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়

কসবা সংবাদদাতা

১৯৭২ সালে উপজেলার একমাত্র বালিকা উচ্চ বিদ্যালয় হিসাবে কসবা বালিকা উচ্চ বিদ্যালয়টি প্রতিষ্ঠা লাভ করে। বিদ্যালয়টি পরবর্তীকালে সরকারিকরণ করা হলেও এতে রয়েছে নানাবিধ সমস্যা। বিদ্যালয়টিতে বছরের পর বছর প্রধান শিক্ষক, সহকারী প্রধান শিক্ষকসহ বেশ কয়েকজন সহকারী শিক্ষকের পদ শূন্য থাকায় সুষ্ঠু লেখাপড়া থেকে ছাত্রীরা বঞ্চিত হচ্ছে। বর্তমানে একজন সহকারী শিক্ষক জরুরিও প্রধান শিক্ষকের দায়িত্বে রয়েছেন। বিদ্যালয়টিতে শিক্ষক বহুতা, প্রয়োজনীয় আসবাবপত্রের অভাব ছাড়াও ছাত্রীদের আবাসন সমস্যা রয়েছে।

বিদ্যালয়টি সরকারিকরণের ফলে এলাকার জনগণের আশা ছিল তাদের মেয়েরা সুষ্ঠুভাবে

লেখাপড়া করার সুযোগ পাবে। কিন্তু বিদ্যালয়টি সরকারিকরণ করা হলেও লেখাপড়ার মান বৃদ্ধি পায়নি। অপরদিকে ১৫ বছর পূর্বে বিদ্যালয়টির প্রধান শিক্ষকের বসবাস করার জন্য প্রায় ৯ লাখ টাকা ব্যয়ে অভ্যুদ্বৈত বাসভবন নির্মিত হলেও ভবনটি বর্তমানে অব্যবহৃত অবস্থায় পড়ে আছে। এর ফলে কোন প্রধান শিক্ষক পোষ্টিং নিয়ে এখানে আসতে চায় না। তাছাড়া সামান্য বৃষ্টি হলেই বিদ্যালয় প্রাঙ্গণে কাদা জমে যায়। ফলে ছাত্রীদের বিদ্যালয়ের মাঠে চলাচলে অসুবিধা হচ্ছে। এলাকার অভিভাবকদের দাবি নারী শিক্ষার উন্নয়নে অবিলম্বে কসবা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে প্রধান শিক্ষক, সহকারী প্রধান শিক্ষকসহ অন্যান্য পদে শিক্ষক নিয়োগ দিয়ে এবং ছাত্রীদের জন্য একটি হোস্টেল নির্মাণ করা হোক।